# ঈদ মানেই নাটকের উৎসব

প্রতি ঈদে নাটকপাড়ায় নাটক নির্মাণের ধুম পড়ে যায়। দর্শক কোনটা রেখে কোনটা দেখবে তা নিয়ে পড়েন দ্বিধাদ্বন্দ্বে। নানা ধরনের নাটক উপহার দিয়ে থাকেন ছোট পর্দার নির্মাতারা। টিভি নাটকের চেয়েও ওটিটি কন্টেন্ট নিয়েই বেশি আলোচনা হচ্ছে দর্শকমহলে। আলোচনা হচ্ছে নাটকের গুণগত মান কমে গিয়েছে তা নিয়ে। আর অন্যদিকে নাটকের জনপ্রিয় শিল্পীরা সবাই হয়েছেন ওটিটিমুখী। আমাদের চোখে ঈদের সেরা কিছু কাজ নিয়ে এবারের আয়োজন।

## বিদেশ - কাজল আরেফিন অমি




ব্যাচেলর পয়েন্ট খ্যাত নির্মাতা কাজল আরেফিন অমি এবারে নির্মাণ করেছেন 'বিদেশ' নাটকটি। অনৈতিক পথে বিদেশ যাওয়ার গল্প নিয়ে নির্মিত হয়েছে এটি। সিনেমাটোগ্রাফি দেখে চোখ জুড়িয়ে যাবে। গল্পটা অনেক মানুষের সঙ্গে মিলে যাওয়াতে খুব সহজেই কানেক্ট করতে পেরেছে। এখন অব্দি এবারের ঈদে সবচেয়ে আলোচিত নাটক 'বিদেশ' প্রথম নাটক হিসেবে ১০ মিলিয়ন ইউটিউব ভিউ অতিক্রম করেছে। অভিনয় করেছেন জিউয়াল হক পলাশ, মিশু সাব্বির, সাইদুর রহমান পাভেল, জিসান, পারসা ইভানা, লামিমা লাম, শিবলু, আব্দুল্লাহ রানা প্রমুখ।

## নোঙর - রাফাত মনজুর রিংকু




নাটকটির পোস্টার, টিজার, ট্রেলার সবকিছুই সাড়া ফেলেছিল। পদ্মা সেতু হওয়ার পর ফেরি দিয়ে পার হওয়া মানুষ নেই বললেই চলে। কিন্তু অতীতে ফেরিঘাটে কর্মরত ছিলো অনেক মানুষ। যারা এখন কর্মহীন হয়ে পড়েছে। সেই কর্মহীন মানুষেরা প্রতিদিনই বেঁচে থাকার জন্য নিজের সঙ্গে লড়াই করে চলেছে। নির্মাতা রাফাত মনজুর রিংকু 'নোঙর' এই অঞ্চলের মানুষের বর্তমান পরিস্থিতির খণ্ড অংশ তুলে ধরেছেন। বাস্তবধর্মী গল্প নির্বাচন করেছেন নির্মাতা। মুনতাহা বৃত্তার লেখা নাটকটিতে মূল চরিত্রে অভিনয় করেছেন ফারহান আহমেদ জোভান ও তাসনিয়া ফারিণ।

## ডুবসাঁতার ২ - রুবেল আনুষ




ভালোবাসা দিবসে খায়রুল বাসার ও সাদিয়া আয়মান জুটিকে নিয়ে রুবেল আনুশ পরিচালনা করেছিলেন 'ডুবসাঁতার' নাটকটি। বেশ সাড়া ফেলেছিল নাটকটি। এবার সেই জুটিকে নিয়ে নির্মাণ করলেন রোমান্টিক ঘরানার নাটক 'ডুবসাঁতার ২'। খায়রুল বাসার ও সাদিয়া আয়মান জুটির রসায়ন বেশ ভালো ছিল। দুজনের কেমিস্ট্রির জন্য কাজটা উপভোগ্য হয়েছে। এছাড়াও অভিনয় করেছেন মনিরা মিঠু, নেয়ামত রহমান ও হাসিব সহ আরো অনেকে।

## প্রিয় পরিবার - রুবেল হাসান




দীর্ঘ ৭ বছর পর নাট্যাঙ্গনের জনপ্রিয় জুটি অপূর্ব-তারিনকে দর্শক দেখতে পেলো 'প্রিয় পরিবার' নাটকে। মেজবাহ উদ্দিন সুমনের রচনায় নাটকটি পরিচালনা করেছেন রুবেল হাসান। এটি একটি ফ্যামিলি ড্রামা। অপূর্ব ও তারিনকে স্বামী-স্ত্রীর ভূমিকায় দেখা যায়। পরিবারের সবাইকে নিয়ে দেখার মতো একটা কাজ। নাটকটিতে আরো অভিনয় করছেন শাহেদ আলী, সৈয়দ জামান শাওন, মাখনুন সুলতানা মাহিমা, রুকাইয়া জাহান চমকসহ বেশ কয়েকজন।

## লাভ সেমিস্টার - প্রবীর রায় চৌধুরী




বেস্টফ্রেন্ড খ্যাত নির্মাতা প্রবীর রায় চৌধুরী এবারে বিশ্ববিদ্যালয় জীবনের অদ্ভুত এক প্রেমের গল্প নিয়ে নির্মাণ করেছেন 'লাভ সেমিস্টার' নামের নাটক। রোমান্টিক ঘরানার নাটকটিতে প্রধান দুই চরিত্রে অভিনয় করেছেন ফারহান আহমেদ জোভান ও নবাগতা নায়িকা নাজনীন নাহার নিহা। একজন ছেলে এক সেমিস্টার রিটেক খায় এবং ঠিক সেসময়েই তার পরিচয় হয় নতুন এক মেয়ের সঙ্গে। গল্প অন্যদিকে মোড় নেয়। জোভান-নিহা জুটির প্রশংসা হয়েছে সর্বমহলে। নবাগত নিহা বেশ ভালো পারফরম্যান্স করেছেন। অভিষেকটা দারুণ হয়েছে এই অভিনেত্রীর। এতে আরো অভিনয় করেছেন শহীদুল আলম সাচ্চু, অনিন্দিতা মিমি, তৌফিকুল নিহাল, মাসুম রেজওয়ান, মারশিয়া শাওন, কিবরিয়া অন্তরা, আরাফ, মুহিত, মুন্না প্রমুখ।

## আক্ষেপ - মাবরুর রশিদ বান্নাহ




বিশেষভাবে নজর কেড়েছে মাবরুর রশিদ বান্নাহ পরিচালিত 'আক্ষেপ' নাটকটি। বাবা ও একজন অটিস্টিক সন্তানের গল্প তুলে ধরা হয়। মুশফিক ফারহান অটিস্টিকের চরিত্রে অসাধারণ পারফর্ম করেছেন। পিতার চরিত্রে সাবলীল অভিনয় করেছেন গুণী শিল্পী ফজলুর রহমান বাবু। নাটকটিতে আরও অভিনয় করেছেন সামিরা খান মাহি, মোমেনা চৌধুরীর, শোয়েব মনির, শাহীন মৃধা, রাশেদ ইমরান, মামুন প্রমুখ। নাটকটি বেশ প্রশংসিত হয়েছে গল্প ও অভিনয়ের জন্য। দেশে প্রতিবন্ধীদের নিয়ে সেরকম ফিকশন নির্মাণ হতে দেখা যায় না। সেই জায়গায় ভিন্নভাবে ভেবেছেন নাট্যনির্মাতা মাবরুর রশিদ বান্নাহ। মানুষের মধ্যে সচেতনতা বাড়াবে নাটকটা। একজন প্রতিবন্ধী ও তার বাবার সংগ্রামের গল্প তুলে ধরা হয়েছে নাটকটিতে।




## রুনু ভাই ৩ - শিহাব শাহীন

নাটকপাড়ায় শিহাব শাহীনের আনাগোনা কম। এবারের ঈদে রাজত্ব করেছেন নিজের নির্মিত স্পিন-অফ সিরিজ 'মাইশেলফ অ্যালেন স্বপন' দিয়ে। ওটিটি প্লাটফর্ম ছাড়াও এবারের ঈদে তার 'রুনু ভাই' সিরিজের তৃতীয় পর্ব এসেছে ইউটিউবে। প্রশংসা পেয়েছেন নির্মাতা শিহাব শাহীন। বছর দুয়েক আগে ঈদে প্রচারিত হয়েছিল জিয়াউল ফারুক অপূর্ব ও সাবিলা নূর অভিনীত 'রুনু ভাই' নাটকটি। যা সে সময় পেয়েছিল দর্শকপ্রিয়তা। এরপর নেটিজেনদের দাবিতে পরের বছর আসে নাটকটির দ্বিতীয় কিস্তি। সেটিও দর্শক সাড়া পেয়েছিল বেশ। সেই ধারাবাহিকতায় এবার ঈদে এসেছে নাটকের তৃতীয় কিস্তি। নাটকটি এনটিভির ইউটিউব চ্যানেলে দেখা যাচ্ছে।

## হাত সাফাই - তুহিন হাসান




এবারে চঞ্চল চৌধুরী হাজির হয়েছিলেন পকেটমার হিসেবে। 'হাত সাফাই' নাটকে হাত সাফাইয়ে দক্ষ এক ব্যক্তির ভূমিকায় দেখা যায় তাকে। বৃন্দাবন দাসের রচনায় নাটকটি পরিচালনা করেছেন তুহিন হোসেন। হাত সাফাইকে সে চুরি মনে করে না, মনে করে একটা শিল্প। কিন্তু ইদানীং হাত সাফাইয়ের কাজে তরুণ প্রজন্মের অনীহা দেখে মন খারাপ হয়। খুব করে চায় তার নিজের সন্তানও এ কাজে আসুক। এর মধ্যেই ঘটে যায় একটি অনাকাঙ্ক্ষিত ঘটনা, মানসিকভাবে ভেঙে পড়ে সে। ইন্তেখাব দিনারকে দেখা যাবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য হিসেবে। আরও আছেন শাহনাজ খুশি, সৌম্য জ্যোতি, লাবণ্য চৌধুরী সহ আরো অনেকে।




## সুইট কিস - জাকারিয়া সৌখিন

জোভান আহমেদ ও কেয়া পায়েল অভিনীত 'সুইট কিস' নাটকটি রচনা ও পরিচালনা করেছেন জাকারিয়া সৌখিন। রোমান্টিক ঘরানার গল্পে দুজনের রসায়ন বেশ উপভোগ করেছে দর্শকেরা। যারা রোমাঞ্চে ভরপুর, রোমান্টিক ইমোশনাল মিষ্টি প্রেমের গল্প পছন্দ করেন তাদের জন্য নাটকটা বেশ লাগবে। বৃষ্টির মধ্যে তরুণ-তরুণীর একটি ঘনিষ্ঠ ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। এরপর তাদের সামাজিকভাবে হেয় হতে হয়। তবে সমাজের বাঁকা চোখ উপেক্ষা করে ভালোবাসার সম্পর্ক অটুট রাখেন তারা।

## পিতা মাতা সন্তান - মোস্তফা কামাল রাজ

রোমান্টিক ও পারিবারিক গল্প নিয়ে মোস্তফা কামাল রাজ নির্মাণ করেছেন 'পিতা মাতা সন্তান' নাটকটি। এতে অভিনয় করেছেন তৌসিফ মাহবুব, কেয়া পায়েল, শাহিদুজ্জামান সেলিম, দিশা, ইনজাম মিজু, নোভা তাহিয়া হোসেন, প্রিতি আলভি সহ আরও অনেকে। পিতা-মাতার সঙ্গে সন্তানের যে একটা মধুর সম্পর্ক রয়েছে সেটা দারুণভাবে ফুটে উঠেছে। প্রায়ই দেখা যায় পরিবারের বাধ্য ছেলেরাও বাবা মায়ের কঠিন মুহূর্তে তাদের মনে রাখে না। অথচ যাকে নিয়ে কখনও আশাই করা হয় না ঠিক সেই ছেলেই বিপদে পরিবারের পাশে এসে দাঁড়ায়। এমন এক গল্পে নির্মিত হয়েছে নাটকটি।







## আপন যে জন - শাহজাহান সৌরভ

চিত্রনাট্যকার শাহজাহান সৌরভ প্রথমবারের মতো নাটক নির্মাণ করলেন এবারে। 'আপন যে জন' নামের নাটকটির প্রধান চরিত্রে অভিনয় করেছেন জিয়াউল ফারুক অপূর্ব ও জাকিয়া বারী মম। অপূর্বের চরিত্রের নাম কিশোর। তিনি একজন কার্টুনিস্ট। অন্যদিকে মম ধনীর কন্যা। তার নাম দিঠি। অপূর্ব-মমের মেয়ের চরিত্রে অভিনয় করেছেন সুবাইতা। গল্পে দেখা যায় ৮ বছরের মেয়েকে নিয়ে কিশোর একাই থাকে। ৮ বছর পর দিঠি প্রবাস থেকে ফিরে, মেয়ের দাবী নিয়ে তার সামনে এসে দাঁড়ায়। এরপর থেকে কিশোর এড়িয়ে চলতে শুরু করে দিঠিকে। আর দিঠিও মেয়েকে ফিরে পাওয়ার জেদ নিয়ে কিশোরের পিছু ছাড়ে না। শেষ পর্যন্ত এই ইঁদুর দৌড়ে কে জয়ী হয় নাকি দু'জনই হারে, সে গল্পই দেখা যাবে নাটকে। এছাড়াও নাটকটিতে আছেন আনোয়ার শাহী, সুরভী ইসলাম, আল-আমিন সবুজ, জামান সানী।

## ছোবল - সাগর জাহান




সেরকম আলোচিত হয়নি জোভান-তানিয়া বৃষ্টি অভিনীত 'ছোবল' নাটকটি। সাগর জাহানের পরিচালিত নাটকটিতে তানিয়া বৃষ্টি তার ক্যারিয়ারের অন্যতম সেরা পারফর্ম করেছেন। জোভান নিজেকে ভাঙার চেষ্টা করেছেন। সাগর পাড়ের মানুষের গল্প তুলে ধরা হয়েছে নাটকটিতে। সেখানকার মানুষের ভাষা, পোশাক, জীবনের প্রতি তাদের দৃষ্টিভঙ্গি সবকিছুই তুলে ধরা হয়েছে। আরও অভিনয় করেছেন তারিক আনাম খান, সিনথিয়া ইয়াসমিন প্রমুখ।




## দই ফুচকা - এ আর সোহেল

ভিন্ন রকমের প্রেমের গল্পে এ আর সোহেল নির্মাণ করেছেন 'দই ফুচকা' নাটকটি। মূল চরিত্রে দেখা যায় রিফাত (খায়রুল বাসার) ও নওরিন (সাদিয়া আয়মান)। রিফাতের জন্য তার মা পাত্রীর সন্ধান করছেন। এরমধ্যে একদিন মা জোর করে রিফাতকে নিয়ে যায় নওরিনদের বাসায় তাকে দেখার জন্য। নওরিনকে তার পছন্দের জিনিস সম্পর্কে প্রশ্ন করে রিফাত। একটি ছিলো পছন্দের খাবার নিয়ে। উত্তরে নওরিন দই ফুচকা বললে মজার ছলে অপমানই করে ফেলে রিফাত। এরপর শুরু হয় আসল ঘটনা। সাদিয়া আয়মান এবং খায়রুল বাশার বেশ ভালো অভিনয় করেছেন। দুজনের রসায়ন বেশ লেগেছে। নাটকটি দেখতে অনেকেরই ভালো লাগবে।